দৈনিক সংবাদ

তারিখ 19 NOV 1998
পৃষ্ঠা 8 কলাম ১

18

## প্রধানমন্ত্রী ও শিক্ষামন্ত্রীর হস্তক্ষেপ কামনা

শতাব্দীর ভয়াবহতম বন্যা '৯৮-এর করালগ্রাসে সমগ্র দেশ আজ বিপর্যস্ত, এই বন্যা আমার মত অসংখ্য ডিগ্রী পরীক্ষার্থীর জীবন থেকে কেড়ে নিয়েছে অতি মূল্যবান দুটি মাস। বন্যাক্রান্ত অবস্থায় কোন রকম প্রস্তুতিই নিতে পারিনি, তাছাড়া বন্যা-পরবর্তী সময়ে আমার ঘর সম্পূর্ণ ধ্বংসস্তূপে পরিণত হওয়ায় আমার পরিবারসহ চট্টগ্রামে এক আত্মীয়ের বাসায় কোন রকমে দিনাতিপাত করছি। দেশের আরো অসংখ্য শিক্ষার্থীরও আমার মত একই অবস্থা। তাই জাতীয় বিশ্ববিদ্যালয়ের '৯৮-এর ডিগ্রি (পাস) পরীক্ষা ১৯শে নভেম্বরের পরিবর্তে আগামী রমজান মাসের পরে অনুষ্ঠিত হলে আমার মত পরীক্ষার্থীরা প্রস্তুতির জন্য পর্যাপ্ত সময় পাবে। আমাদের প্রধানমন্ত্রী ইতিমধ্যে বন্যার্তদের সাহায্যে বিভিন্ন উদ্যোগ নিয়েছেন। তাই বন্যার্ত পরীক্ষার্থীদের কল্যাণে ডিগ্রি (পাস) পরীক্ষা '৯৮ রমজানের পরে নেওয়ার ব্যাপারে মাননীয় প্রধানমন্ত্রী ও শিক্ষামন্ত্রীর সুপারিশ কামনা করছি।

শিবলী চৌধুরী
ঢাকা।